

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জুমু'আয় আসতে ইচ্ছা করে, তিনি কিভাবে গোসল করবেন তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الغُسل لِلْجُمْعَةِ وَالِاغْتِسَالِ لَهَا لِمَنْ أَرَادَ أَنْ يَشْهَدَهَا

আরবী

1226 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ سُلَيْمٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (غُسْلُ يَوْمِ الْجُمُعَةِ وَاجِبٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ كَعْسَلَ الجنابة)

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1226 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২২৬. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "প্রত্যেক বালেগ ব্যক্তির উপর জুমু'আর দিনে নাপাকীর গোসলের ন্যায় গোসল করা ওয়াজিব।"[1]

ফুটনোট

[1] মুয়ান্তা ইমাম মালিক: ১/১০২; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৫৪; সহীহ মুসলিম: ৮৪৬; আবূ দাউদ: ৩৪১; নাসাঈ: ৩/৯৩; দারেমী: ১/৩৬১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১১৬; সুনান বাইহাকী: ১/২৯৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৪২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৫৩০৭; হুমাইদী: ৭৩৬; সহীহ আল বুখারী: ৮৫৮; ইবনু মাজাহ: ১০৮৯; ইবনুল জারুদ: ২৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৪৩।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন